দৈনিক বাংলা

তারিখ ... 20 MAR 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৬...

# রেজিস্ট্রেশন কেলেঙ্কারি ঃ দায়ীদের তালিকা তৈরির নির্দেশ

**যশোর ব্যুরো ঃ** ১৯ মার্চ।–চূড়ান্ত সময়সীমা উত্তীর্ণ হবার পরও যশোর শিক্ষা বোর্ডের ১শ' ৩৪টি স্কুল থেকে প্রিন্ট আউট পাঠানো হয়নি। সোমবার জানা যাবে শিক্ষা বোর্ড কতজন ভুয়া পরীক্ষার্থীর আবেদন বাতিল করেছে। যারা রেজিস্ট্রেশন কেলেঙ্কারিতে যুক্ত, তাদের তালিকা প্রস্তুতের নির্দেশ দেয়া হয়েছে।

যশোর শিক্ষা বোর্ড এসএসসি পরীক্ষার্থীদের বিবরণী সংবলিত তথ্য বা 'প্রিন্ট আউট" চেয়ে ২ হাজার ৪শ' ৭৬টি মাধ্যমিক স্কুলেই কয়েক দফা পত্র দেয়। ওই প্রিন্ট আউট বুয়েটে কম্পিউটারে পাঠানো হয় প্রসেসের জন্য। ১৫ মার্চ সর্বশেষ সময় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও শিক্ষা বোর্ড ১৮ মার্চ পর্যন্ত অপেক্ষা করে। এরপরও ১শ ৩৪টির প্রিন্ট আউট আসেনি।

(৮–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **রেজিস্ট্রেশন**

বোর্ড কর্তৃপক্ষ জানায়, শিক্ষা বোর্ডের নিজস্ব কাগজপত্র যাচাই করে দেখে এর মধ্যে যারা বৈধ রেজিস্ট্রেশনধারী, তাদের পরীক্ষার সুযোগ দেয়া হবে। আর বাকিদের পরীক্ষার আবেদন বাতিল করা হবে আইন অনুযায়ী। এ ছাড়াও শিক্ষা বোর্ডের ৩৫টি স্কুলের পাঠানো ৪০ হাজার টাকার ব্যাংক ড্রাফট বাতিল করা হয়েছে। তদন্তে দেখা গেছে যাদের নামে এসব ব্যাংক ড্রাফট পাঠানো হয়েছে তাদের রেজিস্ট্রেশন ভুয়া।

সূত্র জানায় মোট কত হাজার পরীক্ষার্থীর আবেদন বাতিল হয়েছে তা সোমবার চূড়ান্ত হবে। এদের সংখ্যা আট হাজারের কম নয় বলেও সূত্র জানায়। শিক্ষা বোর্ডের কিছু কর্মকর্তা–কর্মচারী এবং মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রেজিস্ট্রেশন কেলেঙ্কারিতে যুক্ত। এরা কারা তা এখন ওপেন সিক্রেট। এতদিন তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি। জানা গেছে শিক্ষা বোর্ডের চেয়ারম্যান রোববার পরীক্ষা নিয়ন্ত্রককে নির্দেশ দিয়েছেন তাদের তালিকা প্রস্তুত করতে। আগামী সপ্তাহে শিক্ষা বোর্ড কমিটির বৈঠক হবে। সেই বৈঠকে সামগ্রিক বিষয় আলোচনার পর যারা কেলেঙ্কারিতে যুক্ত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার বিষয়টি চূড়ান্ত হবে বলেও সূত্র জানায়।